



ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩
শম্ভুগঞ্জ, ময়মনসিংহ


দরপত্র বিজ্ঞপ্তি (OTM)

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ কর্তৃক পবিস তহবিলের আওতায় নিম্নের বর্ণনা অনুযায়ী মালামাল ক্রয়ের জন্য বাংলাদেশী প্রকৃত উৎপাদনকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

দরপত্র নং	প্যাকেজ নং	ক্রয়তথ্য মালামালের বিবরণ	দরপত্র দলিল বিক্রয়ের সময়সূচী	দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী		আর্নেস্টমানির পরিমাণ	দরপত্র দলিলের মূল্য
				গ্রহণ	খোলা		
১১/২০২৩-২৪	G-23-24.064-57	অভিন্ন কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম (৪ শ্রেণীর বিল ফরমেট)	০৪/০৩/২০২৪খ্রিঃ তারিখ হতে ১৮/০৩/২০২৪খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত।	১৯/০৩/২০২৪খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকা (BST) পর্যন্ত। ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।	১৯/০৩/২০২৪খ্রিঃ তারিখ বেলা ১১:০৫ ঘটিকা (BST)। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।	৯০,০০০	১৫০০.০০
১২/২০২৩-২৪	G-23-24.064-56	প্রিন্টিং মালামাল				২৬,০০০	১০০০.০০

শর্তাবলী:

- ০১। **দরপত্র বিক্রয়ের স্থানঃ** আগ্রহী দরদাতাগণ ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে বর্ণিত দরপত্র সমূহের প্রতিটি আইটেমের বিপরীতে নির্ধারিত পরিমাণ অর্থ (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতঃ ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর জেনারেল ম্যানেজার বরাবর নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, খিলক্ষেত, ঢাকা-১২২৯ (২) ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর সদর দপ্তর, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন।
- ০২। **দরপত্র দাখিল ও খোলার স্থানঃ** দরপত্রের উপরে বর্ণিত সময়সীমার মধ্যে (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা (২) ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর সদর দপ্তর, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ এই ঠিকানায় দরপত্র দাখিল করতে হবে। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ থাকেন) বেলা ১১:০৫ ঘটিকা (BST) খোলা হবে। ডাক বা কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ ও গ্রহণ করা হবে না।
- ০৩। দরপত্রের সাথে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে উপরিউক্ত কলাম এ দরপত্রের বিপরীতে বর্ণিত আর্নেস্টমানির টাকা পে-অর্ডার (ফেরতযোগ্য) দরপত্র জামানত হিসেবে সংযুক্ত করতে হবে।
- ০৪। দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের নির্ধারিত সময়সীমার কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।
- ০৫। সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধযোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী ড্যাট ও আয়কর কর্তন করা হবে।
- ০৬। দরপত্র দলিলে উল্লেখিত শর্তাবলী অত্র দরপত্র বিজ্ঞপ্তির শর্ত বলে বিবেচিত হবে।
- ০৭। সকল দরপত্র খামের উপরে প্রেরকের পূর্ণাঙ্গ ঠিকানা, দরপত্র নম্বর ও মালামালের বিবরণ সুস্পষ্ট করে লিখতে হবে।
- ০৮। দরপত্রের শর্তাবলীতে উল্লেখ নাই এমন সকল বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।


জেনারেল ম্যানেজার
ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩
শম্ভুগঞ্জ, ময়মনসিংহ

“জাতীয় স্বার্থে বিদ্যুৎ ব্যবহারে সশ্রমী হোন”